

বাংলাদেশের  
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়  
'অডিট ভবন'  
রি-অর্গান শাখা  
৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০  
[www.cag.org.bd](http://www.cag.org.bd)

নং-সিএজি/রি-অর্গান(এনজিই-২)/সম্মানী/২০০৩/৪২৬(খন্ড-১)/১৪৪৫

তারিখ : ০১-০৬-২০২০ খ্রিঃ।

**অফিস আদেশ**

অর্থ মন্ত্রণালয়ের স্মারক নম্বরঃ-এমএফ(ইসি-১)ডিপি-১/৭৭/৮৮ তারিখঃ ২১/৪/৭৭ খ্রিঃ এর প্রেক্ষিতে ২০১৯-২০২০ অর্থ বৎসরের সংশোধিত এবং ২০২০-২০২১ অর্থ বৎসরের প্রস্তাবিত বাজেট প্রণয়ন সংক্রান্ত শ্রমসাধ্য ও গুরুত্বপূর্ণ কাজের জন্য এই কার্যালয়ের ১৩-০১-১৯৯৮ তারিখের স্মারক নং-সিএজি/রি-অর্গান(এনজিই-২)/বাজেট সম্মানী/৪২৬/২১ পরিপত্রের নীতিমালা এবং নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সিএজি কার্যালয়, সিজিডিএফ, এডিজি (অর্থ), ফিমা এবং ১৭টি অডিট অধিদপ্তর কর্তৃক সুপারিশকৃত কর্মকর্তা ও কর্মচারীদেরকে তাঁদের নিজ নিজ মূল বেতনের ৫০% ভাগ হারে অনূর্ধ্ব ১০,০০০/- (দশ হাজার টাকা মাত্র) সম্মানী প্রদান করার প্রস্তাব নির্দেশক্রমে মঞ্জুর করা হল।

শর্তাবলী :

১. বাজেট প্রণয়নকালে যদি কোন কর্মকর্তা/কর্মচারীকে যাতায়াত/নাস্তা ভাতা প্রদান করা হয়ে থাকে, তবে তা সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীর নামে মঞ্জুরীকৃত সম্মানী হতে কর্তন করতে হবে।
২. এই ব্যয় উল্লিখিত অফিসসমূহের ২০১৯-২০২০ অর্থ বৎসরের বাজেটের সংশ্লিষ্ট খাত হতে মিটাতে হবে।
৩. সম্মানী প্রদানের ক্ষেত্রে এফ-আর-৪৬(সি) এবং বিএসআর(প্রথম খন্ড) এর ৬ নং অধ্যায়ের ধারা কঠোরভাবে পালন করতে হবে।
৪. যারা বৎসরান্তে অন্য কোন সাময়িক (Occassional) এবং বিশেষ শ্রমসাধ্য/পুরস্কারযোগ্য ধরনের কাজ সম্পাদনের জন্য সম্মানী পাবেন, তাদেরকে বাজেট প্রণয়নের কাজের জন্য সম্মানী প্রদান করা যাবে না। উল্লেখ করা যাচ্ছে যে, এই কার্যালয়ের ১৩-০১-১৯৯৮ খ্রিঃ তারিখের পরিপত্রের বর্ণিত নীতিমালা কঠোরভাবে অনুসরণপূর্বক কর্মকর্তা/কর্মচারীদেরকে সম্মানী মঞ্জুর করতে হবে। সম্মানী পরিশোধের পর ১৮-০৭-২০২০ খ্রি.তারিখের মধ্যে সম্মানী প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের নাম, পদবী ও সম্মানীর পরিমাণ সম্বলিত একটি তালিকা প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

স্বাক্ষরিত/-

(মানিক হোসেন)

সহকারী মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (রি-অর্গান)

ফোনঃ ৪৮৩১০১৫৩

নং-সিএজি/রি-অর্গান(এনজিই-২)/সম্মানী/২০০৩/৪২৬(খন্ড-১)/১৪৪৫

তারিখ : ০১-০৬-২০২০ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। কম্পট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, ১ম ১২ তলা সরকারি অফিস ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ২। অতিঃ মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
- ৩। মহাপরিচালক, সকল.....
- ৪। অতিঃ উপ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন), সিএজি কার্যালয়, ঢাকা।
- ৫। উপ-পরিচালক (এমআইএস), সিএজি কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সিএজি, পিএসসি ও নির্বাচন কমিশন, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয়ের একান্ত সচিব।
- ৮। নিরীক্ষা ও হিসাবরক্ষণ অফিসার, প্রশাসন/বাজেট শাখা (স্থানীয়)।
- ৯। অফিস কপি/ গার্ড ফাইল।

M. Hossain  
(মানিক হোসেন)

সহকারী মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (রি-অর্গান)

ফোনঃ ৪৮৩১০১৫৩